

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৯৪০

আগরতলা, ১৭ আগস্ট, ২০২৪

**১৯ আগস্ট মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্য বাহাদুর দেববর্মণের জন্মজয়ন্তী অনুষ্ঠান**

আগামী ১৯ আগস্ট রবীন্দ্র শতবার্ষিকী ভবনে মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্য বাহাদুর দেববর্মণের ১১৬তম জন্মজয়ন্তী উদযাপন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ঐদিন দুপুর ১২টায় আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সাংসদ কৃতি দেবী দেববর্মণ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী। অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে উপস্থিত থাকবেন চিকিৎসক, লেখক ও গবেষক ডা. সৌরিশ দেববর্মা। সভাপতিত্ব করবেন রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী। অনুষ্ঠানের উদ্যোক্তা তথ্য ও সংস্কৃতি দপ্তরের পক্ষ থেকে এই অনুষ্ঠানে উপস্থিত থাকতে সবারপ্রতি আহ্বান জানানো হয়েছে।

\*\*\*\*\*